



মাগুরা পল্লী বিদ্যুৎ সমিতি  
পারনান্দুয়ালী, মাগুরা  
দরপত্র বিজ্ঞপ্তি



নিম্নের বর্ণনা অনুযায়ী মালামাল ক্রয়ের জন্য মাগুরা পল্লী বিদ্যুৎ সমিতি কর্তৃক নিম্নস্থ তহবিলের আওতায় বাংলাদেশী প্রকৃত প্রত্নতকারী/উৎপাদনকারী/সরবরাহকারী/বিক্রেতা প্রতিষ্ঠানের নিকট হতে সীল মোহরকৃত দরপত্র আহবান করা যাচ্ছে।

ক্রঃ নং	টেন্ডার প্যাকেজ নং	মালামালের বিবরণ	দরপত্র দলিলের মূল্য	জামানতের পরিমাণ	দরপত্র দলিল (টেন্ডার ডকুমেন্ট) বিক্রয়ের সময়সূচি	দরপত্র গ্রহণ/খোলার সময়সূচি	
						গ্রহণ	খোলা
ক	খ	গ	ঘ	ঙ	চ	ছ	জ
০১	ক্রি-২৩-২৪.৫১.৩৫-০০৩	কম্পিউটারাইজড ইউনিফাইড বিদ্যুৎ বিল ফরম সরবরাহ	১৫০০/-	৭৫০০০/-	২৯/০৮/২০২৩ইং তারিখ হতে ১১/০৯/২০২৩ইং তারিখ অফিস চলাকালীন সময় পর্যন্ত।	১২/০৯/২০২৩ ইং তারিখ দুপুর ১১.০০ ঘটিকা পর্যন্ত।	১২/০৯/২০২৩ ইং দুপুর ১১.০৫ ঘটিকা।

শর্তাবলীঃ-

- ১। দরদাতাগণ মাগুরা পল্লী বিদ্যুৎ সমিতির অনুকূলে যে কোন তফসিলী ব্যাংক হতে কলাম "ঘ" তে উল্লিখিত টাকার (অফেরতযোগ্য) পে-অর্ডার/ব্যাংক ড্রাফট সংযুক্ত করে মাগুরা পল্লী বিদ্যুৎ সমিতির জেনারেল ম্যানেজার বরাবরে নিজস্ব লেটার হেড প্যাডে আবেদনের মাধ্যমে কলাম "চ" তে বর্ণিত সময় সীমার মধ্যে যে কোন দিন (সরকারী ছুটি ও সাপ্তাহিক ছুটির দিন ব্যতীত) (i) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (পঃ অঃ) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, সদর দপ্তর ভবন, জোয়ার সাহারা, শিলক্ষেত, ঢাকা-১২২৯, (ii) মাগুরা পল্লী বিদ্যুৎ সমিতির সদর দপ্তর, পারনান্দুয়ালী, মাগুরা, হতে দরপত্র দলিল সংগ্রহ করতে পারবেন। ডাক/কুরিয়ার যোগে কোন দরপত্র দলিল প্রেরণ করা হবে না।
- ২। সীলমোহরকৃত দরপত্রসমূহ কলাম "ছ" তে উল্লিখিত তারিখ ও সময়ের মধ্যে (i) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (পঃ অঃ) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, সদর দপ্তর ভবন, জোয়ার সাহারা, শিলক্ষেত, ঢাকা-১২২৯, (ii) মাগুরা পল্লী বিদ্যুৎ সমিতির সদর দপ্তর, পারনান্দুয়ালী, মাগুরা এ রক্ষিত টেন্ডার বক্সে রাখা হবে। খামের উপর কলাম "খ ও গ" তে উল্লিখিত "দরপত্র নং ও সরবরাহকৃত মালামালের দরপত্র" কথাটি উল্লেখ করতে হবে। প্রতিটি দরপত্রের সাথে মাগুরা পল্লী বিদ্যুৎ সমিতির অনুকূলে যে কোন তফসিলী ব্যাংক হতে কলাম "ঘ" তে উল্লিখিত টাকার (অফেরতযোগ্য) পে-অর্ডার/ব্যাংক ড্রাফট জামানত হিসাবে দরপত্রের সাথে সংযুক্ত করতে হবে। উল্লেখ্য যে, দরপত্র দলিলে বর্ণিত সকল শর্ত ও নির্দেশনাবলী প্রতিপালন সাপেক্ষে আনুষঙ্গিক সকল কাগজপত্র দরপত্রের সাথে সংযুক্ত করতে হবে। অসম্পূর্ণ দরপত্র নন-রেসপনসিভ হিসেবে বিবেচনা করা হবে।
- ৩। প্রাপ্ত দরপত্রসমূহ কলাম "জ" তে উল্লিখিত তারিখ ও সময়ে দরদাতাদের উপস্থিতিতে (যদি কেউ উপস্থিত থাকেন) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (পঃ অঃ) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, সদর দপ্তর ভবন, জোয়ার সাহারা, শিলক্ষেত, ঢাকা-১২২৯ এর কার্যালয়ে এবং মাগুরা পল্লী বিদ্যুৎ সমিতির সদর দপ্তর, পারনান্দুয়ালী, মাগুরাতে স্ব-স্থানে একই সময়ে খোলা হবে।
- ৪। কালো তালিকা ভুক্ত কোন প্রতিষ্ঠান সত্য গোপন করে দরপত্রে অংশ গ্রহণ করে সর্বনিম্ন দরদাতা বিবেচিত হলে তার দরপত্র বাতিল বলে গণ্য হবে।
- ৫। দরপত্র সম্পর্কে কারও কোন জিজ্ঞাসা থাকলে/ব্যাখ্যার প্রয়োজন হলে তা দরপত্র দাখিলের নির্ধারিত সময়ের কমপক্ষে ৭(সাত) দিন পূর্বে সমিতি কর্তৃপক্ষ বরাবর লিখিতভাবে অনুরোধ জানাতে হবে।
- ৬। মাগুরা পল্লী বিদ্যুৎ সমিতি যে কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ কোন দরপত্র গ্রহণ অথবা বাতিল করার অধিকার সংরক্ষণ করে।
- ৭। শর্ত বহির্ভূত কোন সমস্যার উদ্ভব হলে সমিতি কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

বিদ্যুৎ ব্যবহারে সশ্রমী হোন  
অন্যকে ব্যবহারের সুযোগ দিন

জেনারেল ম্যানেজার  
মাগুরা পল্লী বিদ্যুৎ সমিতি  
পারনান্দুয়ালী, মাগুরা  
ফোন/মোবাইল নং ০২-৪৭৭১০৭৪৪, ০১৭৬৯-৪০০৫৬৮  
ই-মেইল-magurapbs\_gm@yahoo.com